# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৩. ১. পস্নাবন-পূর্ব মহাপুরুষদের বয়স বর্ণনায় বৈপরীত্য

আদিপুস্তকের ৫ম অধ্যায়ের ১-৩২ শ্লোকে আদমের (আ.) সৃষ্টি থেকে নূহ (আ.)-এর পস্নাবন পর্যন্ত সময়কাল বর্ণনা করা হয়েছে। এখানে আদম (আ.) থেকে নূহ (আ.) পর্যন্ত মহাপুরুষদের বয়সকালও উল্লেখ করা হয়েছে। কিন্তু বাইবেলের তিন সংস্করণে এ সময়কাল তিন প্রকার লেখা হয়েছে।

আদম (আ.) থেকে পস্নাবন পর্যন্ত সময়কাল শমরীয় সংস্করণ অনুসারে এক  হাজার তিনশত সাত (১৩০৭), হিব্রু সংস্করণে এক হাজার ছয়শত ছাপ্পান্ন (১৬৫৬) এবং গ্রিক সংস্করণে দু’ হাজার দু’ শত বাষট্টি (২২৬২) বছর। এ অদ্ভুত বৈপরীত্য ও পার্থক্য সমন্বয় করা সম্ভব নয়। বাহ্যত দুটো বা তিনটা তথ্যই বিকৃত ও ভুল।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13992

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন